

## রংপুরে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম বাতিলের প্রতিবাদে গণঅনশন পালন

উত্তরাঞ্চল প্রতিনিধি : বিগত আওয়ামী লীগ সরকারের আমলে প্রতিষ্ঠিত রংপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম রংপুর থেকে তুলে নিয়ে যাওয়ার প্রতিবাদে এবং তা পুনঃপ্রতিষ্ঠাসহ কারমাইকেল কলেজকে বিশ্ববিদ্যালয়ে পরিণত করার দাবিতে গত শনিবার রংপুরের নাগরিক কমিটি স্থানীয় পায়রা চত্বরে গণঅনশন কর্মসূচি পালন করেছে।

সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত এই গণঅনশনে বিএনপি, আওয়ামী লীগ, জাসদ, বাসদ, গণফোরাম, সম সমাজ গণতন্ত্রী পার্টি, সিপিবি ছাড়াও জেলার বিভিন্ন রাজনৈতিক, সামাজিক সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন। অনশনের শুরুতে জাসদ কেন্দ্রীয় কমিটির কার্যকরী সভাপতি নূর আলম জিকু, সাধারণ সম্পাদক হাসানুল হক ইনু এবং যুগ্ম সম্পাদক মইনউদ্দিন খান বাদল সেখানে উপস্থিত হয়ে রংপুরবাসীর দাবির সঙ্গে সংহতি প্রকাশ করে বক্তব্য রাখেন।

কমিটির আহ্বায়ক মোঃ আফজালের সভাপতিত্বে বক্তব্য রাখেন, অধ্যাপক-রেজা শাহ ভৌফিকুর রহমান, ডা. মফিজুর হক মান্নু, বিপ্লব প্রসাদ, এড. ইলিয়াস আহমেদ, মাসুদ আহমেদ খান, হোসনে আরা লুৎফা ডালিয়া, সদরুল আলম দুলু, রশীদ বারু প্রমুখ।